যুগান্তর

4 SEP 2009
পৃষ্ঠা ... ৩ ... ৪ ...

# উনিশটি ঐতিহ্যবাহী কলেজকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার সুপারিশ সংস্কার কমিটির

যুগান্তর রিপোর্ট

দেশের পুরনো ১৯টি জেলার ঐতিহ্যবাহী কলেজগুলোকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার সুপারিশ করেছে 'জাতীয় বিশ্ববিদ্যালয় পুনর্বিন্যাস ও সংস্কারবিষয়ক কমিটি'। বৃহস্পতিবার তারা শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের কাছে তাদের প্রণীত প্রতিবেদন পেশ করেন। এতে তারা বিশ্ববিদ্যালয়কে শুধু কলেজ ও বিভিন্ন ইন্সটিটিউট পর্যায়ে উচ্চ শিক্ষা দানকারী প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়কের ভূমিকা পালনের কেন্দ্রে পরিণত এবং এই দায়িত্ব সুচারুরূপে সম্পন্নের লক্ষ্যে বিভাগীয় শহরে ছয়টি আঞ্চলিক কেন্দ্র স্থাপনেরও সুপারিশ করেছেন। তারা বলেছেন, এসব কেন্দ্র এমনভাবে প্রতিষ্ঠা করতে হবে যাতে পরবর্তীতে প্রত্যেকটিকে এক একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা যায়।'

রিপোর্ট গ্রহণ শেষে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, কিছু প্রক্রিয়া অনুসরণ করে শিগগিরই এই রিপোর্ট বাস্তবায়ন করা হবে। প্রধানমন্ত্রী দেশে ফিরলে তার হাতে দেয়া হবে। পরে তা কেবিনেটে উপস্থাপন করা হবে। মন্ত্রণালয়ের সভাকক্ষে দুপুরে প্রতিবেদন পেশকালে শিক্ষাসচিব সৈয়দ আতাউর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আআমস আরেফিন সিদ্দিক, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ, ইউজিসি'র সদস্য অধ্যাপক ড. মোঃ আবদুল হাকিম, যুগ্ম সচিব (বিশ্ববিদ্যালয়) গোলাম রব্বানী, ইউজিসি'র সচিব মোঃ খালেদ উপস্থিত ছিলেন। জানা গেছে, রিপোর্টে মোট ছয়টি সুপারিশ রয়েছে। এসব সুপারিশের মধ্যে রয়েছে— বাস্তব প্রয়োজনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তন হবে। নতুন নাম হবে 'ন্যাশনাল অ্যাফিলিয়েটিং ইউনিভার্সিটি' বা জাতীয় অনুমোদনকারী বিশ্ববিদ্যালয়। এ বিশ্ববিদ্যালয় কোন অনার্স-মাস্টার্স ক্লাস চালু করতে পারবে না, বরং বর্তমানে বিদ্যমান এমফিল-পিএইচডি প্রোগ্রামও বাতিল করতে হবে। বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে উত্থাপিত অনিয়ম-দুর্নীতির জন্য অভ্যন্তরীণভাবে একে শক্তিশালী করতে হবে। নিতে হবে আইনানুগ ব্যবস্থা। ছয়টি বিভাগের শহরের কেন্দ্রের মধ্যে ঢাকা বিভাগের কেন্দ্রটি গাজীপুরের মূল ক্যাম্পাসে স্থাপনের ব্যাপারে কমিটির পরামর্শ রয়েছে। আর বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ইন্সটিটিউটগুলো গাজীপুর ক্যাম্পাস থেকেই পরিচালিত হবে। ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম পুরনো ১৯টি কলেজকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার ব্যাপারে বলেন, দেশের বিভাগীয় ও জেলা শহরের ঐতিহ্যবাহী ও মর্যাদাপূর্ণ সরকারি কলেজগুলোকে

সুপারিশ : পৃষ্ঠা ১০ : কলাম ২

## সুপারিশ : উনিশটি

(৩য় পৃষ্ঠার পর)

ভবিষ্যতে নির্ধারিত মাপকাঠির ভিত্তিতে ক্রমান্বয়ে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা যায়। তাদের সে ধরনের সুযোগ-সুবিধা ও অবকাঠামো রয়েছে। কোথাও হয়তো সামান্য বিনিয়োগ করা লাগবে।

ইউজিসি চেয়ারম্যান বলেন, কমিটি গত পাঁচ মাসব্যাপী বিভিন্ন পর্যায়ে মতামত গ্রহণ ও সামগ্রিক পরিস্থিতি বিশ্লেষণ করে সুপারিশ চূড়ান্ত করেছে। যে সুপারিশ চূড়ান্ত করা হয়েছে, তা বিগত '৯৭ সালের শামসুল হক কমিশন এবং ১৯৭৩ সালের ড. কুদরত-ই-খুদা কমিশনের আলোকে প্রণীত।

গত ২৫ মার্চ সরকারি এক প্রজ্ঞাপনের মাধ্যমে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. নজরুল ইসলামকে আহ্বায়ক করে গঠিত ১১ সদস্যের এই উচ্চ ক্ষমতাসম্পন্ন বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়েছিল।